



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION

বিজ্ঞপ্তি নং- ৬৮/২০২৪

তারিখঃ ১৯-০৩-২০২৪

বিজ্ঞপ্তি

বরাবর: বাংলাদেশ ফুটবল ফেডারেশনের আওতাধীন সদস্য সংস্থাসমূহ।

বিষয়ঃ ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২৪-২৫’ এ অংশগ্রহণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক ক্লাব লাইসেন্সিং প্রক্রিয়া সম্পন্ন করতঃ ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২৪-২৫’ আয়োজন করা হবে। এ লক্ষ্যে যে সকল ক্লাব/সংস্থার ফুটবল দল ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২৪-২৫’ এ অংশগ্রহণে আগ্রহী সে সকল ক্লাব/সংস্থাসমূহকে মতিঝিলস্থ বাফুফে সচিবালয় বরাবর আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। আসন্ন ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২৪-২৫’ উপলক্ষে প্রণীত BFF Club Licensing Regulations 2024-25 For BPL & BCL এবং BFF Club Licensing Application Manual 2024-25 এর বিভিন্ন নির্ণায়ক/মানদণ্ডসমূহ পূরণ করা বাঞ্ছনীয় বিষয় সংশ্লিষ্ট সকলের প্রয়োজনীয় কার্যার্থে উক্ত রেগুলেশন ও ম্যানুয়াল এতদসঙ্গে সংযুক্তি হিসেবে প্রেরণ করা হলো।

এমতাবস্থায় যে সকল ক্লাব/সংস্থা ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২৪-২৫’ এ অংশগ্রহণে আগ্রহী সে সকল ক্লাব/সংস্থাসমূহকে এতদসঙ্গে সংযুক্ত BFF Club Licensing Regulations 2024-25 For BPL & BCL এ উল্লেখিত Core Process Timeline অনুযায়ী BFF Club Licensing Application Manual 2024-25 এর বিভিন্ন নির্ণায়ক সমূহ যথাযথভাবে সংযুক্ত/পূরণপূর্বক প্রয়োজনীয় ডকুমেন্ট/কাগজ-পত্রাদি সংযুক্তি হিসেবে আগামী ০১-০৭-২০২৪ তারিখের মধ্যে মতিঝিলস্থ বাফুফে সচিবালয় বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

উল্লেখ্য যে, আসন্ন ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২৪-২৫’ এ অংশগ্রহণের লক্ষ্যে ক্লাব লাইসেন্সিং এর জন্য আবেদনকারী নতুন দলসমূহকে (প্রমোশনযোগ্য দল ব্যতীত) বাংলাদেশ ফুটবল ফেডারেশনের অনুকূলে ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকার পে অর্ডার প্রদান করতে হবে যাহা উক্ত লীগের নিয়মকানুন ও অংশগ্রহণের নির্ণায়কসমূহ পূরণের শর্ত পূরণ সাপেক্ষে ফেরতযোগ্য।

বিশেষভাবে উল্লেখ্য যে, চলমান ‘এবিজি বসুন্ধরা বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২৩-২৪’ উপলক্ষে প্রণীত রেগুলেশনের ধারা (24. A relegated team cannot apply for club licensing for the next edition of the league. The champions and runners-up teams of the Senior Division Football League organized under the supervision of the Dhaka Metropolis League Committee under the Bangladesh Football Federation will have priority in participating in the Bangladesh Championship League subject to the fulfillment of BFF club licensing. In case the respective team/teams do not apply in the respective year through BFF Club Licensing to participate in the Bangladesh Championship League, they will lose the eligibility to apply for the BFF Club Licensing for the next three seasons to participate in the Bangladesh Championship League) অনুযায়ী লাইসেন্সিং প্রক্রিয়া সম্পাদন করা হবে।

চলমান পাতা #০২



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION

(০২)

সংশ্লিষ্ট বিষয়ে যে কোন প্রয়োজনে বাফুফে ক্লাব লাইসেন্সিং অফিসার জনাব মোঃ মিরাজুল ইসলাম (মোবাইলঃ +৮৮ ০১৭০৮-৪৫৪৫৯৮, ই-মেইলঃ mirajul.islam@bff.com.bd) এর সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,
বাংলাদেশ ফুটবল ফেডারেশন

ইমরান হোসেন তুষার
সাধারণ সম্পাদক



বিতরণঃ

- ১। সম্মানিত সভাপতি, বাফুফে।
- ২। সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতিবৃন্দ ও সকল সদস্য, কার্যনির্বাহী কমিটি, বাফুফে।
- ৩। বাফুফে'র আওতাধীন সকল এসোসিয়েশন/সদস্য সংস্থা।
- ৪। বাফুফে নোটিশ বোর্ড।
- ৫। সকল ইলেকট্রনিক্স, প্রিন্ট ও অনলাইন মিডিয়া।
- ৬। সংশ্লিষ্ট সকল।

সংযুক্তিঃ

1. BFF Club Licensing Regulations 2024-25 For BPL & BCL (এক কপি)।
2. BFF Club Licensing Application Manual 2024-25 (এক কপি)।
3. Core Process Timeline (এক কপি)।